# অডিও ভাইরালের ঘটনায় রাষ্ট্রদ্রোহ মামলায় সাবেক ওসি রাকিবুল গ্রেপ্তার



ক্যান্টনমেন্ট থানার সাবেক ওসি মো. রাকিবুল হাসান। ছবি: সংগৃহীত

সামাজিক যোগাযোগমাধ্যমে একটি অডিও ছড়িয়ে পড়ার ঘটনায় রাষ্ট্রদ্রোহ মামলায় ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) ক্যান্টনমেন্ট থানার সাবেক ওসি মো. রাকিবুল হাসানকে গ্রেপ্তার করা হয়েছে।

বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) আইনশৃঙ্খলা বাহিনী তাকে গ্রেপ্তার করে।

এর আগে ১৭ সেপ্টেম্বর প্রশাসনিক কারণে রাকিবুল হাসানকে ওএসডি করা হয়। ডিএমপি কমিশনারের কার্যালয়ের আদেশে তাকে ডিএমপি সদর দপ্তর ও প্রশাসন বিভাগের কেন্দ্রীয় সংরক্ষণ দপ্তরে সংযুক্ত করা হয়েছিল।

ওই দিন রাতেই তাকে জিজ্ঞাসাবাদের জন্য হেফাজতে নেয় ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)।

LENS ASIA